# জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ৯৬তম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | ড. মোঃ কবির ইকরামুল হক, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি। |
| সভার তারিখ ও সময় | ঃ | ২৬ সেপ্টেম্বর ২০১৯, সকাল ১০.১৫ টা। |
| সভার স্থান | ঃ | ০২ নং সম্মেলন কক্ষ, বিএআরসি, ফার্মগেট, ঢাকা। |
| সভায় উপস্থিতির তালিকা | ঃ | "পরিশিষ্ট-ক" সদয় দ্রষ্টব্য। |

সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুরকে অনুরোধ জানান। জনাব কিংকর চন্দ্র দাস, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর ও সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী পর্যায়ক্রমে উপস্থাপনের জন্য জনাব ড. মোঃ জাকির হোসেন, উপ-পরিচালক (মান নিয়ন্ত্রণ), বীজ প্রত্যয়ন এজেন্সিকে অনুরোধ করেন।

**আলোচ্য বিষয় ১ ঃ জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ৯৫তম সভার কার্যবিবরণী অনুমোদন ।**

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ৯৫তম সভা গত ১২ সেপ্টেম্বর ২০১৯ রোজ বৃহস্পতিবার ১১.০০ ঘটিকায় ড. মোঃ কবির ইকরামুল হক, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি এর সভাপতিত্বে বিএআরসি'র ০১ নং সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী বীজ প্রত্যয়ন এজেন্সির ১৭ সেপ্টেম্বর ২০১৯ তারিখের ১২.৮০৬.০২২.০১.০০.০০৫.২০১১-১৮২৭ সংখ্যক স্মারকের মাধ্যমে কমিটির সকল সদস্যের নিকট বিতরণ করা হয়। এ বিষয়ে অদ্যাবধি কোন লিখিত মতামত পাওয়া যায়নি তবে অদ্যকার সভায় মোঃ আজিম উদ্দিন, প্রধান বীজতত্ত্ববিদ, কৃষি মন্ত্রণালয়, বলেন যে, ৯৫তম জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির সভার আলোচ্যসূচী-৮ এর আলোচনায় উল্লেখ করেছিলেন, "আলুকে নন-নোটিফাইড করার পরিবর্তে যেসকল কোম্পানি রফতানীযোগ্য আলুর জাত আমদানী করতে চায় তাদের বিশেষ বিবেচনায় ০৩ (তিন) বছরের জন্য অনুমোদন দেয়া যেতে পারে এবং অদ্যকার সভায় রফতানীযোগ্য আলুজাতসমূহ জাতীয় বীজ বোর্ডে ছাড়করণের জন্য সুপারিশ করা যেতে পারে"। এ বিষয়ে তার বক্তব্যটি ৯৫তম জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির সভার কার্যবিবরণীতে অন্তর্ভূক্ত করার প্রস্তাব করেন । কার্যবিবরণীটি মোঃ আজিম উদ্দিন, প্রধান বীজতত্ত্ববিদ, কৃষি মন্ত্রণালয় এর বক্তব্যটি অন্তর্ভূক্তিসহ পরিসমর্থনের সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ঃ জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ৯৫তম সভার কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে সংশোধনীসহ পরিসমর্থন করা হল।

**আলোচ্য বিষয় ২ ঃ ২০১৮-১৯ বোরো মৌসুমে ধানের হাইব্রিড জাতের ফলাফল পর্যালোচনা পূর্বক সিদ্ধান্ত গ্রহণ।**

২০১৮-১৯ বোরো মৌসুমে ১৮টি বীজ কোম্পানী/প্রতিষ্ঠান হাইব্রিড ট্রায়াল বাস্তবায়নের জন্য ২য় বর্ষের মোট ২২টি ধানের হাইব্রিড জাতের বীজ জমা প্রদান করেছেন যা টেবিল-১ এ প্রদর্শন করা হয়েছে।

**টেবিল-১ ঃ ২য় বর্ষ ২২টি ধানের হাইব্রিড জাত**

| ক্রঃনং | কোম্পানীর/প্রতিষ্ঠানের নাম | জাতের নাম | বর্ষ | উৎস/দেশ |
|---|---|---|---|---|
| ১. | Bayer CropsScience Ltd | Hybrid dhan Arize ® INH17144 (Bayer Hybrid-7) | ২য় বর্ষ | ভারত |
| ২. | Bagrow Company Ltd | Rongdhano-2 (SQ01) | ২য় বর্ষ | চায়না |
| ৩. | Supreme Seed company Ltd | Supreme Hybrid Heera-23 (HS-381) | ২য় বর্ষ | চায়না |
| ৪. | Mitali Agro Seed Industries | Mitali Hybrid Soborna-3(HSD-1018) | ২য় বর্ষ | নিজস্ব |
| ৫. | Lal Teer Seed Limited | LTHR-1 | ২য় বর্ষ | নিজস্ব |
| ৬. | National Agri Care Import & Export Limited | Hybrid Rice Seed National-2 (CQR-28) | ২য় বর্ষ | চায়না |
| ৭. | National Agri Care Hybrid Seeds Ltd. | Hybrid Rice Seed Janak Raj-3 (Q-19) | ২য় বর্ষ | চায়না |
| ৮. | National Agri Care Hybrid Seeds Ltd. | Hybrid Rice Seed Janak Raj-2 (Q-15) | ২য় বর্ষ | চায়না |
| ৯. | Nilsagar Seed & Tissue Culture Ltd. | Nilsagar Hybrid Rice dhan-1 (Nil-101) | ২য় বর্ষ | চায়না |
| ১০. | Nilsagar Seed & Tissue Culture Ltd. | Nilsagar Hybrid Rice dhan-2 (Nil-102) | ২য় বর্ষ | চায়না |

চলমান পাতা-২

| ক্র:নং | কোম্পানীর/প্রতিষ্ঠানের নাম | জাতের নাম | বর্ষ | উৎস/দেশ |
|---|---|---|---|---|
| ১১. | MAHYCO BANGLADESH PRIVATE LTD | RXML-38 | ২য় বর্ষ | ভারত |
| ১২. | ISPAHANI AGRO LIMITED | ISPAHANI-9 (NPH-2003) | ২য় বর্ষ | ভারত |
| ১৩. | Metal Agro Limited | HRM-1508 (Agrani-8) | ২য় বর্ষ | চায়না |
| ১৪. | Metal Agro Limited | HRM-807 (SHARATHI-15) | ২য় বর্ষ | চায়না |
| ১৫. | MC Donald Seeds Limited | MC Donald Seed Hybrid dhan-1 (PD-901) | ২য় বর্ষ | ভারত |
| ১৬. | Partex Agro Ltd | Partex Hybrid dhan-03 (Q-32) | ২য় বর্ষ | চায়না |
| ১৭. | Auto Crop Care Limited | Accl -1 (SHX 015) | ২য় বর্ষ | ভারত |
| ১৮. | Krishibid Seed Limited | Krishibid Seed Hybrid dhan-5 (KFR-302) | ২য় বর্ষ | চায়না |
| ১৯. | Surovi Agro Industries Limited | Surovi Hybrid Heera-2(FL-7553) | ২য় বর্ষ | চায়না |
| ২০. | Surovi Agro Industries Limited | Surovi Hybrid 1 (RXEL-34) | ২য় বর্ষ | ভারত |
| ২১. | Syngenta Bangladesh Limited | Hybrid dhan Syngenta S-L 1206 (NK 17230) | ২য় বর্ষ | ভারত |
| ২২. | EnP solutions Limited | SL -20H | ২য় বর্ষ | ফিলিপাইন |

উক্ত ১৮টি কোম্পানী/প্রতিষ্ঠানের ২২টি হাইব্রিড জাতের সাথে ব্রি হাইব্রিড ধান৫ চেকজাত হিসেবে ৩টি সেটে ৬ টি অঞ্চলের ১২টি স্থানে ২য় বর্ষের জন্য ট্রায়াল বাস্তবায়ন করা হয়। জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ৯৫তম সভায় উল্লিখিত হাইব্রিড জাত সমূহের কোড উন্মুক্ত করা হয় এবং পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। দ্বিতীয় বর্ষে ট্রায়ালকৃত ২২টি জাত এর মাঠ মূল্যায়ন কোড ভিত্তিক ফলাফল Compilation পূর্বক সভায় উপস্থাপন করা হয়। আলোচনার শুরুতে অধ্যাপক ড. জামিলুর রহমান, চেয়ারম্যান, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা, বলেন হাইব্রিড ধানের জাত মূল্যায়নের আবেদনের সাথে সুনির্দিষ্ট মার্কারের উল্লেখপূর্বক পূর্ণাংগ মলিকুলার ডাটা বীজ প্রত্যয়ন এজেন্সিতে সরবরাহ করা প্রয়োজন। ড. প্রিয় লাল বিশ্বাস, এসএসও, হাইব্রিড রাইস বিভাগ, ব্রি, বলেন প্রথম বৎসর হাইব্রিড ধানের জাত মূল্যায়নের বীজ সরবরাহ ও দ্বিতীয় বছরের বীজের গুনাগুণের পার্থক্যের কারণে ফলনের পার্থক্য হতে পারে। তিনি আরও বলেন যে, হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণ পদ্ধতি অনুসরণ করে অবশ্যই সুনির্দিষ্ট মার্কারের উল্লেখপূর্বক মলিকুলার ডাটা বীজ প্রত্যয়ন এজেন্সিতে সরবরাহ করা প্রয়োজন। সভাপতি ড. মো: কবির ইকরামুল হক, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি বলেন, সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের হাইব্রিড ধানের বীজ জমাদানের ক্ষেত্রে সুনির্দিষ্ট মলিকুলার ডাটা সম্বলিত তথ্য পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সির দপ্তরে সরবরাহ করতে হবে এবং বীজ প্রত্যয়ন এজেন্সি প্রয়োজনে ব্রি, গাজীপুর এর সহায়তায় দাখিলকৃত মলিকুলার ডাটা যাচাই করবে। জাতীয় বীজ বোর্ডের ১০০তম সভার সিদ্ধান্ত মোতাবেক হাইব্রিড ধানের নিবন্ধনের ক্ষেত্রে দেশীয়ভাবে উদ্ভাবিত হাইব্রিড জাতকে চেকজাত হিসেবে ব্যবহার করতে হবে এবং উক্ত হাইব্রিড জাতের ফলন চেকজাত থেকে ৫% বেশি হতে হবে। হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণ পদ্ধতিতে ট্রায়ালকৃত জাতসমূহ ৬টি অঞ্চলের মধ্যে ৪টি অঞ্চলে চেকজাত (ব্রি হাইব্রিড ধান৫) এর চেয়ে ৫% বেশি হলে প্রস্তাবিত হাইব্রিড জাতটি সারাদেশে এবং ৩টি অঞ্চলে চেকজাত (ব্রি হাইব্রিড ধান৫) এর চেয়ে ৫% বেশি হলে আঞ্চলিকভাবে নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করার বিষয়ে উল্লেখ রয়েছে। জাতীয় বীজ বোর্ডের ১০০তম সভার আলোচ্যসূচী ২.২ এর সিদ্ধান্ত মোতাবেক প্রস্তাবিত ২২টি জাতের মধ্যে ১৬টি জাতের ফলন চেকজাত (ব্রি হাইব্রিড ধান৫) এর চেয়ে ৫% বেশি হওয়ায় এবং "মিতালী হাইব্রিড সুবর্ণ-৩(SHD-1018)" হাইব্রিড জাতটি চেকজাতের চেয়ে জীবনকাল ৮ (আট) দিন কম এবং ফলন বেশি হওয়ায় জাতীয় বীজ বোর্ডের ৯৫ তম সভার ২.২ এর সিদ্ধান্ত মোতাবেক জাতীয় বীজ বোর্ডে নিবন্ধনের জন্য সুপারিশ করা যেতে পারে।

**সিদ্ধান্ত ১ : ২০১৭-২০১৮ ও ২০১৮-১৯ বোরো মৌসুমে ট্রায়ালকৃত ১৬টি হাইব্রিড জাতের ১ম ও ২য় বর্ষের ফলাফলের ভিত্তিতে চেকজাত (ব্রি হাইব্রিড ধান৫) এর চেয়ে ৫% ফলন বেশি হওয়ায় বোরো মৌসুমের চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল।**

১.১ Bayer CropsScience Ltd- প্রস্তাবিত ভারতের Biyer BioScience Pvt. Ltd. India,-হতে সংগৃহীত হাইব্রিড ধান অ্যারাইজ ® আইএনএইচ ১৭১৪৪ জাতটি বায়ার হাইব্রিড ধান-৭ (অ্যারাইজ আইএনএইচ ১৭১৪৪) হিসেবে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩ (তিন) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেকজাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ২১.৮০, ১৮.৫৯, ২৩.৯০ ও ২৩.৬৮, ১২.২৬, ১২.৫২ ভাগ বেশি।

১.২ Bagrow Company Ltd- প্রস্তাবিত চীনের Jiangsu Hongqi Seed Co.Ltd., হতে সংগৃহীত রংধনু-২ (SQ01) জাতটি "ব্যাগরো হাইব্রিড ধান-১ (SQ01)" হিসেবে চট্টগ্রাম, রংপুর ও বরিশাল এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩ (তিন) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেকজাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৫.২৩, ২৭.৪১, ১০.১০ ও ৬.১৮, ২৭.৯৯, ৬.২৭ ভাগ বেশি।

১.৩ Supreme Seed company Ltd-প্রস্তাবিত চীনের Hubei Provincial Seed Group Co.China., হতে সংগৃহীত সুপ্রীম হাইব্রিড হীরা-২৩ (HS-381) জাতটি "সুপ্রীম হাইব্রিড ধান-১২ (HS-381)" নামে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩ (তিন) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেকজাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ১০.৫৬, ২৬.৪৬, ২৬.৯৯ ও ৯.৬৮, ২০.১৫, ২৩.৯৩ ভাগ বেশি।

১.৪ National Agri Care Import & Export Limited-প্রস্তাবিত চীনের Chongqing Zhong Yi Seed Co. Ltd, হতে সংগৃহীত Hybrid Rice Seed National-2 (CQR-28) জাতটি "ন্যাশনাল এগ্রিকেয়ার হাইব্রিড ধান-২ (CQR-28)" হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৪ (চার) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৩০.৪৩, ২৯.৭৪, ১২.৫৪, ৩৭.২৬ ও ৩৩.৭৮, ২১.৪৩, ৫.৫৩, ২২.৪৭ ভাগ বেশি।

১.৫ National Agri Care Hybrid Seeds Ltd-প্রস্তাবিত চীনের Chongqing Zhong Yi Seed Co.Ltd., হতে সংগৃহীত Hybrid Rice Seed Janak Raj-3 (Q-19) জাতটি "ন্যাশনাল এগ্রিকেয়ার হাইব্রিড ধান-৩ (Q-19)" হিসেবে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩ (তিন)টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেকজাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ২৯.৯৯, ১৪.১৪, ৩৭.১৫ ও ৩৩.৩৫, ১৯.৬৭, ২৮.৪২ ভাগ বেশি।

১.৬ National Agri Care Hybrid Seeds Ltd-প্রস্তাবিত চীনের Chongqinh Zhong Yi Seed Co.China., হতে সংগৃহীত Hybrid Rice Seed Janak Raj-2 (Q-15) জাতটি "ন্যাশনাল এগ্রিকেয়ার হাইব্রিড ধান-৪ (Q-15)" হিসেবে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩ (তিন) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেকজাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৩৫.২৩, ৩০.৩৬, ৪৫.৩০ ও ৪০.৪২, ২২.৭৪, ২৯.৬৮ ভাগ বেশি।

১.৭ Nilsagor Seeds & Tissue Culture Ltd.-প্রস্তাবিত চীনের Kehui Seed Co. Ltd., হতে সংগৃহীত নীল সাগর হাইব্রিড ধান-২ (Nil-102) জাতটি "নীল সাগর হাইব্রিড ধান-১ (Nil-102))" হিসেবে চট্টগ্রাম, রাজশাহী ও রংপুর এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩ (তিন) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেকজাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৮.৯৫, ৯.৩৩, ৩৩.৯২ ও ১১.৪১, ১২.৪৪, ৪০.০১ ভাগ বেশি।

১.৮ MAHYCO BANGLADESH PRIVATE LTD.-প্রস্তাবিত জাতটি ভারতের Maharashtra Hybrid Seeds Co.Ltd, India, হতে সংগৃহীত RXML-38 জাতটি মাহিকো হাইব্রিড ধান-৩ (RXML-38) হিসেবে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩ (তিন) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেকজাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ২৪.৭৫, ২৫.০৭, ৪২.৪৪ ও ২৭.৪৮, ১২.২৮, ১৭.১৯ ভাগ বেশি।

১.৯ ISPAHANI AGRO LIMITED-প্রস্তাবিত জাতটি ভারতের Nuziveedu Seeds.Ltd, India, হতে সংগৃহীত ইস্পাহানী-৯ (NPH-2003) জাতটি "ইস্পাহানী হাইব্রিড ধান-৮ (NPH-2003)" হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৪ (চার) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেকজাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৩৫.৯৩, ২৬.৯৪, ৪৩.৮৮, ১৯.৪৯ ও ৩৬.৯৪, ২১.২৭, ৩৪.৭৯, ১৮.৪২ ভাগ বেশি।

১.১০ Metal Agro Limited-প্রস্তাবিত চীনের Anhui Longping Hi-Tech Seeds Co.Ltd, হতে সংগৃহীত HRM-1508 (Agrani-8) জাতটি মেটাল এগ্রো হাইব্রিড ধান-৩ (HRM-1508) হিসেবে রাজশাহী, বরিশাল ও রংপুর এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩ (তিন) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেকজাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৭.৭৪, ৩৩.৭৫, ৫.৬৫ ও ৫.৪৯, ৩০.০৭, ৪.৬২ ভাগ বেশি।

১.১১ Metal Agro Limited-প্রস্তাবিত চীনের Anhui Longping Hi-Tech Seeds Co.Ltd, হতে সংগৃহীত HRM-807 (SHARATHI-15) জাতটি মেটাল এগ্রো হাইব্রিড ধান-৪ "HRM-807 (SHARATHI-15)" হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৪(চার) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেকজাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৮.৪০, ৪.৫০, ৩৩.৭৫, ১৪.৫০ ও ৭.১৮, ৯.৯৭, ৩৩.৬০, ৭.১৯ ভাগ বেশি।

১.১২ Mc Donald Seeds Limited-প্রস্তাবিত জাতটি ভারতের Kaveri Seed Co. Ltd. India, হতে সংগৃহীত Mc Donald Seed Hybrid dhan-1 (PD-901) জাতটি "ম্যাকডোনাল্ড হাইব্রিড ধান-১ (PD-901)" হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩ (তিন) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেকজাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ১৩.৯০, ৪.৭৬, ৬.১৩, ৪.৮৪ ও ৯.৭২, ৭.৫৮, ৪.৮১ , ৬.৪৮ ভাগ বেশি।

১.১৩ Partex Agro Ltd-প্রস্তাবিত চীনের Chongqing Zgong Yi Seed Co.Ltd, হতে সংগৃহীত Partex Hybrid dhan-03 (Q-32) জাতটি পারটেক্স হাইব্রিড ধান-৭ (Q-32) হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৫ (পাঁচ) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেকজাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৩২.৮০, ৩০.৬৮, ১৩.৮২, ৪৭.০৮, ১২.২৬ ও ৩৭.১৩, ১৯.৪৮, ১৪.৮৭, ৩২.৮৬, ১৩.১৫ ভাগ বেশি।

১.১৪ Auto Crop Care Limited-প্রস্তাবিত ভারতের Savannah Seeds Pvt. Limited, India, হতে সংগৃহীত Accl-1 (SHX015) জাতটি অটো ক্রপ হাইব্রিড ধান-১ (SHX015)" হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৫(পাঁচ) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেকজাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৯.৫৯, ২৫.৪০, ৫.৪৯, ২৯.০৮, ৬.৮৫ ও ৭.১৮, ৫.৩৬, ৫.৯২, ১১.১৮, ১৬.০৪ ভাগ বেশি।

১.১৫ Surovi Agro Industries Limited-প্রস্তাবিত ভারতের Maharashtra Hybrid Seeds Co.Ltd, India, হতে সংগৃহীত সুরভী হাইব্রিড-১ (RXEL-34)জাতটি "সুরভী হাইব্রিড ধান-১ (RXEL-34)" হিসেবে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩(তিন) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেকজাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৬.৫৭, ১৯.৯৬, ৪৩.২৮ ও ৬.৭৫, ১৬.২৫, ৪৩.৩৬ ভাগ বেশি।

১.১৬ Syngenta Bangladesh Limited-প্রস্তাবিত ভারতের Syngenta India Ltd., হতে সংগৃহীত Hybrid dhan Syngenta S1206 (NK17230) জাতটি "সিনজেনটা হাইব্রিড ধান-৮ (NK17230)" হিসেবে চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩ (তিন) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেকজাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৮.২৮, ১৪.১৫, ৭.৯১ ও ৬.১২, ৪.৫৩, ১১.৯৬ ভাগ বেশি।

**সিদ্ধান্ত ২ : Mitali Agro Seed Industries-প্রস্তাবিত নিজস্ব উদ্ভাবিত মিতালী হাইব্রিড সুবর্ণ-৩ (SHD-1018) জাতটি "মিতালী হাইব্রিড ধান-৩ (SHD-1018)" হিসেবে বোরো মৌসুমে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এ ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। প্রস্তাবিত জাতটি চেকজাতের চেয়ে গড় জীবনকাল ০৮ (আট) দিন কম এবং ০৩ (তিন) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেকজাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৫.০১, ১৪.২৭, ৩০.১৮ ও ৩.৫৮, ১৪.৯২, ৩২.০১ ভাগ বেশি।**

**সিদ্ধান্ত ৩ : সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের হাইব্রিড ধানের বীজ জমাদানকালে হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণ পদ্ধতি পূর্ণাংগ অনুসরণ করে সুনির্দিষ্ট মলিকুলার ডাটা সম্বলিত তথ্য পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সির দপ্তরে সরবরাহ করতে হবে। বীজ প্রত্যয়ন এজেন্সি প্রয়োজনে ব্রি, গাজীপুরের সহায়তায় দাখিলকৃত মলিকুলার ডাটা যাচাই করবে।**

আলোচ্যসূচী-বিবিধ : **ব্রি কর্তৃক উদ্ভাবিত ধানের জাতের বাংলা ও ইংরেজি নামকরণের স্বীকৃতি প্রসংগে।**

মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), গাজীপুর একটি পত্রের (পত্র নং- প্রজনন-১৬(৬)/৩৬৮; তাং-২৫/০৯/২০১৯খ্রি:) মাধ্যমে জানান যে, ব্রি থেকে উদ্ভাবিত ধানের জাত সমূহের নামকরণের জন্য এ পর্যন্ত নামের মধ্যে কোন "-" চিহ্ন ব্যবহার করা হয়নি (উদাহরণ : ব্রি ধান২৮, BRRI dhan28)। ব্রি কর্তৃক প্রকাশিত সকল বই, রিপোর্ট, B4R ডাটাবেজ, প্যারেন্টেজ ডাটাবেজ সর্বক্ষেত্রেই এই নিয়ম মেনে নাম লেখা হয়েছে। কিন্তু NSB সভার কার্যবিবরণী অনুযায়ী নামের মধ্যে একটি "-" চিহ্ন ব্যবহার করা হয়েছে (উদাহরণ : ব্রি ধান-২৮)। তিনি উল্লেখ করেন যে, সকল প্রকার অতীত ডকুমেন্টের নাম পরিবর্তন করা প্রায় অসম্ভব। এ বিষয়ে ড. মো: আব্দুল কাদের, পিএসও, উদ্ভিদ প্রজনন বিভাগ, ব্রি বলেন, জাতীয় বীজ বোর্ডের ৩০ তম সভার আলোচ্যসূচী-৩ এর সুপারিশ মোতাবেক (উদাহরণ : ব্রি ধান-২৮, BRRI dhan-28) লিখার বিষয়ে উল্লেখ রয়েছে। কিন্তু ব্রি'র জাতীয় ও আন্তর্জাতিক প্রকাশনায় ও ডকুমেন্ট সমূহে (উদাহরণ : ব্রি ধান২৮, BRRI dhan28) "-" ব্যতীত লিখা রয়েছে। এমতাবস্থায়, ব্রি কর্তৃক উদ্ভাবিত ধানের জাতের বাংলা ও ইংরেজি নামকরণে পূর্বের মত "-" চিহ্ন ব্যবহার না করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে। বিস্তারিত আলোচনা শেষে উপস্থিত সদস্যগণ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), গাজীপুরের প্রস্তাবের সাথে একমত প্রকাশ করেন।

সিদ্ধান্ত : **ব্রি কর্তৃক উদ্ভাবিত ধানের জাতের বাংলা ও ইংরেজি নামকরণে পূর্বের মত "-" চিহ্ন ব্যবহার না করার বিষয়টি অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হল (উদাহরণ : ব্রি ধান২৮, BRRI dhan28)।**

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫.১০.১৯

ড. মো: কবির ইকরামুল হক
নির্বাহী চেয়ারম্যান
বিএআরসি, ফার্মগেট
ও
সভাপতি
জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি।

নং-১২.৮০৬.০২২.০১.০০.০১৮.২০১৯.-২৯৫৬ তারিখ ঃ ১৫/১০/২০১৯ ।

বিতরণ ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় )

১. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫ -সভাপতি।
২. অধ্যাপক ড. লুৎফুল হাসান, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ -সদস্য।
৩. অধ্যাপক ড. শহীদুর রশিদ ভূঁইয়া, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা -সদস্য।
৪. অধ্যাপক ড. নাসরিন আক্তার আইভি, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় -সদস্য।
৫. সদস্য পরিচালক (শস্য), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা -সদস্য।
৬. মহাব্যবস্থাপক (বীজ), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ -সদস্য।
৭. পরিচালক (সরেজমিন), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা -সদস্য।
৮. পরিচালক (শস্য), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা -সদস্য।
৯. পরিচালক (গবেষণা), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর -সদস্য।
১০. পরিচালক (গবেষণা), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর -সদস্য।
১১. পরিচালক (গবেষণা), বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ -সদস্য।
১২. পরিচালক (কৃষি), বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, ঢাকা -সদস্য।
১৩. পরিচালক (গবেষণা), বাংলাদেশ সুগার ক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা -সদস্য।
১৪. পরিচালক (গবেষণা), বাংলাদেশ গম ও ভূট্টা গবেষণা ইনস্টিটিউট, নশিপুর, দিনাজপুর -সদস্য।
১৫. অতিরিক্ত পরিচালক (মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর -সদস্য।
১৬. প্রধান বীজ প্রযুক্তিবিদ, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা -সদস্য।
১৭. কটন এগ্রোনমিষ্ট, তুলা উন্নয়ন বোর্ড, তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, শ্রীপুর, গাজীপুর -সদস্য।
১৮. বাংলাদেশ সীড এসোসিয়েশন কর্তৃক মনোনয়ন পত্রসহ মনোনীত ২ জন প্রতিনিধি -সদস্য।
১৯. সভাপতি, বাংলাদেশ সোসাইটি অব সীড টেকনোলজি -সদস্য।
২০. সভাপতি, বাংলাদেশ কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন সমিতি -সদস্য।
২১. জনাব ফজলুল হক সরকার (হান্নান), কৃষক প্রতিনিধি, ৫/৩ এ, মনিপুরী পাড়া, ঢাকা-১২১৫ -সদস্য।
২২. ..................................................................................................।

অনুলিপি (কার্যার্থে)ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় )

১. উপ-পরিচালক (মান নিয়ন্ত্রণ/সীড রেগুলেশণ)/এডিডি (SR & QC), বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর।
২. সভাপতি, বাংলাদেশ সীড এসোসিয়েশন, ১৪৫, সিদ্দিক বাজার, ঢাকা (আপনার এসোসিয়েশন হতে ২ জন প্রতিনিধি মনোনয়ন পত্রসহ প্রেরণের অনুরোধ করা হল)।
৩. অতিরিক্ত উপ-পরিচালক (মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং), বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর ( তাকে অত্র পত্রটি বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর এর ওয়েব সাইডে প্রকাশের জন্য অনুরোধ করা হল) ।
৪. অফিস কপি।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে)ঃ

মহাপরিচালক, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৫/১০/১৯

কিংকর চন্দ্র দাস
পরিচালক
বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর
ও
সদস্য- সচিব
জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি

# জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি এর ৯৬ তম বিশেষ সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের স্বাক্ষরের তালিকা-

স্থান ঃ ০২ নং সম্মেলন কক্ষ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি), ফার্মগেট, ঢাকা।

তারিখ ঃ ২৬/০৯/২০১৯ খ্রিস্টাব্দ।

সময় ঃ সকাল ১০.১৫ ঘটিকা।

| ক্র: নং | সদস্যবৃন্দের নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | টেলিফোন/মোবাইল/ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | কিংকর চন্দ্র দাস | পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী | 01712118898 | ২৬/৯/১৯ |
| ২. | আবদুর রাজ্জাক | পরিচালক, ক্রপস উইং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | 01718050904 | ২৬/৯/১৯ |
| ৩. | মো: আজিম উদ্দিন | প্রধান বীজ তত্ত্ববিদ কৃষি মন্ত্রণালয় | 01556341143 | ২৬/৯/১৯ |
| ৪. | Md. Shahjahan Ali | Advisor Bangladesh Seed Association (BSA) | 01730013391 alliedmsali@yahoo.com | 26/9/2019 |
| ৫. | ড. সমজিৎ কুমার পাল | পরিচালক (গবেষণা) বি এস আর আই | 01712-021140 samajitpal@gmail.com | ২৬/৯/১৯ |

F:\RAFIQ\কারিগরি কমিটিজাতীয় বীজ বোর্ড\ATTENDENT SHEET.DOC

| ক্রঃ নং | কর্মকর্তা/প্রতিনিধিগণের নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | টেলিফোন/মোবাইল/ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ৬. | মোঃ নুরনবী - আহমেদ | মহাব্যবস্থাপক (বীজ) বিএডিসি | 01749123923 gm seed@badc.gov.bd | [signature] ২৬/৭/১৯ |
| ৭. | ড. মোঃ মুজিবুর রহমান | পরিচালক (কৃষি) বিজেআরআই, ঢাকা | ০১৭৭১১২২৩৪৮ smrmujib62@gmail.com | [signature] ২৬/০৭/২০১৯ |
| ৮. | ড. মোঃ আবদুল কাদের | পিএসও, উদ্ভিদ প্রজনন ব্রি গাজীপুর. | ০১৭৫২৮৮২০৭০ abdulkaderbrri@yahoo.com. | [signature] ২৬/৭/১৯ |
| ৯. | ড. প্রিয় লাল বিশ্বাস | এসএসও, হাইব্রিড রাইস বিভাগ, ব্রি, গাজীপুর. | ০১৭৪২৫৬০৩৬৯ priyalal@yahoo.com | [signature] ২৬/৭/১৯ |
| ১০. | ড. জামিলুর রহমান | অধ্যাপক ও চেয়ারম্যান কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ শেরেবাংলা কৃষিবিশ্ববিদ্যালয় ঢাকা-১২০৭ | 01552323928 jamilsau@gmail.com | [signature] 26/7/19 |
| ১১. | বিভূতি ভূষণ সরকার | অতিরিক্ত পরিচালক সঙ্গনিরোধ ও (কে-উই) (বন্দ[?]) F.SD.DAE — ঢাকা | 01718743927 bibhuti bhushan sarkar @gmail.com | [signature] ২৬/০৭/১৯ |
| ১২. | ড. অপূর্ব কান্তি চৌধুরী | পিএসও, বীজ প্রযুক্তি বিভাগ, বিএআরআই, গাজীপুর | 01819128302 apurba.chowdhury@gmail.com | [signature] 26/7/19 |
| ১৩. | ড. মোঃ আমির জিলানী চৌধুরী | সহকারী পরিচালক (অস্থায়ী) বিএসআরআই[?], ঢাকা | 01552355393 zilani | [signature] ২৬/০৭/১৯ |

| ক্র: নং | কর্মকর্তা/প্রতিনিধিগণের নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | টেলিফোন/মোবাইল/ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১৪. | ড. মো: কবির ইকরামুল হক | নির্বাহী চেয়ারম্যান বি এ আর সি. | | ২৬.৬.১৯ |
| ১৫. | ড. মো. আবিদ হোসেন | DD(QC), SCA | 01980503919 | ২৬/৬/১৯ |
| ১৬. | পপি রানী রায় | নমুনা সংগ্রহ অফিসার, SCA, গাজীপুর | 01740053231 popyroy31@gmail.com | 26.6.2019 |
| ১৭. | | | | |
| ১৮. | | | | |
| ১৯. | | | | |
| ২০. | | | | |
| ২১. | | | | |